বরাবর

মহাব্যবস্থাপক (প্রশাসন)

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

**বিষয়: কোম্পানির জিমনেশিয়ামে সদস্য হওয়ার আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর একজন কর্মকর্তা/কর্মচারী (স্থায়ী/প্রেষণে নিযুক্ত)। আমি/আমরা (নিজে ও স্পাউজ) শরীর চর্চার লক্ষ্যে কোম্পানির জিমনেশিয়াম ব্যবহারের লক্ষ্যে সদস্য হতে ইচ্ছুক। আমি/আমরা কোম্পানির জিমনেশিয়ামের সদস্য হওয়ার লক্ষ্যে সদস্যপদের ফরমটি পূরণপূর্বক এই সঙ্গে সংযুক্ত করলাম।

এমতাবস্থায়, আমাকে/আমাদেরকে কোম্পানির জিমনেশিয়ামের সদস্য হওয়ার সুযোগ দিয়ে বাধিত করবেন।

আপনার বিশ্বস্ত,

……………

কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী ও স্বাক্ষর

| ছবি ১কপি করে<br>(নিজ ও স্পাউজের) | | সদস্য নং- |
|---|---|---|

**বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড**

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

## জিমনেশিয়াম সদস্য ফরম

তারিখ: ...............

| | | | |
|---|---|---|---|
| ১ | কর্মকর্তা/কর্মচারীর নাম | | |
| ২ | পদবি | | |
| ৩ | আইডি নম্বর | | |
| ৪ | কর্মরত ডিপার্টমেন্ট / বিভাগ -এর নাম | | |
| ৫ | অবসর গমনের তারিখ | | |
| ৬ | বাসার ঠিকানা | | |
| ৭ | স্পাউজ (স্বামী/স্ত্রী) এর নাম | | |
| ৮ | স্পাউজ-এর মোবাইল নম্বর | | |
| ৯ | স্পাউজ-এর পেশা | | |
| ১০ | জরুরী প্রয়োজনে যোগাযোগের নম্বর, ব্যবহারকারীর নাম ও সম্পর্ক (২টি) | ১) | |
| | | ২) | |
| ১১ | স্বাস্থ্যগত তথ্য : | কর্মকর্তা/কর্মচারী | স্পাউজ (স্বামী/স্ত্রী) |
| ১১,১ | উচ্চতা | | |
| ১১.২ | ওজন | | |
| ১১.৩ | স্বাস্থ্যগত কোনো দুর্বলতা আছে কি | | |
| ১১.৪ | নিয়মিত কোনো ঔষধ সেবন করেন কি না: হ্যাঁ/না | | |
| ১১.৫ | যদি সেবন করতে হয়, তবে কি কি ঔষধ সেবন করেন তার নাম | | |

☐ এই মর্মে অঙ্গীকার করছি যে, আমি/আমরা সম্পূর্ণ নিজ দায়িত্বে বিসিএমসিএল-এর জিমনেশিয়াম ব্যবহার করবো এবং জিমের সকল নিয়মকানুন মেনে চলবো। জিমনেশিয়াম ব্যবহারকালীন কোন প্রকার শারীরিক অসুস্থতা/দুর্ঘটনা/ক্ষয়-ক্ষতির জন্য আমি বিসিএমসিএল কর্তৃপক্ষকে দায়ী করবো না।

| ............ | ............ |
|---|---|
| কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর,<br>নাম ও পদবী | কর্মকর্তা/কর্মচারীর স্পাউজ-এর<br>স্বাক্ষর ও নাম |

**বি.দ্র. :** সদস্য ফরমটি স্বাক্ষর করার পর স্বাক্ষরিত ফরম এবং জিমনেশিয়াম ব্যবহারের নিয়মাবলীর একসেট ফটোকপি করে নিজের কাছে রাখুন।

# জিমনেশিয়াম ব্যবহারের নিয়মাবলী

| ক্র. নং | সাধারণ নিয়মাবলী: |
|---|---|
| ১. | বিসিএমসিএল-এর সকল স্থায়ী কর্মকর্তা, কর্মচারী (পুরুষ, মহিলা, প্রেষণে কর্মরত) এবং তাঁদের স্ত্রী/স্বামীগণ সদস্যপদ গ্রহণের মাধ্যমে ব্যায়ামাগার ব্যবহার করতে পারবেন। তবে কর্মকর্তা, কর্মচারীগণের সন্তানরা জিমনেশিয়াম ব্যবহার করতে পারবে না। |
| ২. | আগ্রহী কর্মকর্তা-কর্মচারীগণ আবেদনের পরে প্রশাসন বিভাগ/কমিটি কর্তৃক চূড়ান্তভাবে বাছাইপূর্বক জিমনেশিয়ামের সদস্য হিসেবে গণ্য হবেন। আবেদন ফরম কোম্পানির ওয়েবসাইটে এবং প্রশাসন বিভাগের জেনারেল সার্ভিসেস শাখায় এবং এই বিজ্ঞপ্তির সঙ্গে সংযুক্ত অবস্থায় পাওয়া যাবে। কর্মকর্তা, কর্মচারীগণের স্ত্রী/স্বামী ব্যায়ামাগার ব্যবহার করতে চাইলে কর্মকর্তা/কর্মচারীগণের আবেদনে তাদের নাম উল্লেখ করে স্বাক্ষর প্রদান করলেই হবে, আলাদাভাবে আবেদনের প্রয়োজন নেই। |
| ৩. | উপরের ছকে বর্ণিত সময়সূচী অনুযায়ী জিমনেশিয়াম ব্যবহার করা যাবে। কোনো অবস্থাতেই নির্ধারিত সময়ের আগে বা পরে জিমনেশিয়াম ব্যবহার করা যাবে না। |
| | **জিমনেশিয়াম ব্যবহারের নিয়মাবলী** |
| ১. | জিমনেশিয়াম ব্যবহারের পূর্বে নির্ধারিত রেজিস্টারে নাম, সদস্য নং, পদবি, বিভাগ এবং প্রবেশ ও বাহির হওয়ার সময় লিপিবদ্ধ করতে হবে ও স্বাক্ষর করতে হবে। |
| ২. | জিমে শরীর চর্চার উপযুক্ত এবং শালীন পোশাক পরিধান করে জিমনেশিয়ামে প্রবেশ করতে হবে। পুরুষ কর্মকর্তাগণকে ফুল ট্রাউজার এবং ম্যাগি হাতা বা হাফ হাতা গেঞ্জি পরিধান করতে হবে। |
| ৩. | জ্যেষ্ঠ কর্মকর্তা জিমনেশিয়ামে অবস্থানকালে কনিষ্ঠ কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে হবে। জ্যেষ্ঠ কর্মকর্তাদেরকে জিম ব্যবহারে অগ্রাধিকার দিতে হবে। |
| ৪. | জিমনেশিয়ামে উচ্চস্বরে কথাবার্তা বলা, চিৎকার করা, মোবাইল ফোনে লাউড স্পিকারে গান শোনা বা ভিডিও দেখা, অপ্রয়োজনীয় হৈ-চৈ বা অশালীন কোনো আচরণ করা যাবে না; সর্বোপরি অন্য সদস্যের অসুবিধা হয় এমন কোনো আচরণ করা যাবে না। |
| ৫. | অন্যকে জিম করার সুযোগ প্রদান করতে হবে। কোনো ইকুইপমেন্ট টানা ১৫ মিনিটের বেশী ব্যবহার করা যাবে না। শরীর চর্চার সরঞ্জাম/ইকুইপমেন্ট ব্যবহারে পারস্পরিক সম্মান রক্ষা করতে হবে, কখনই অন্য সদস্যের অগ্রাধিকার লঙ্ঘন করা যাবে না। |
| ৬. | ব্যবহার শেষে জিমনিশিয়ামের সরঞ্জামাদি অন্যের ব্যবহার উপযোগী করে পরিষ্কার করুন (ঘাম হলে শুকিয়ে ফেলুন) এবং গুছিয়ে রাখুন। |
| ৭. | জিমনেশিয়ামের ভিতরে সাধারণ স্বাস্থ্য বিধি মেনে চলুন। নিজস্ব পানির বোতল, তোয়ালে ইত্যাদি ব্যবহার করুন। |
| ৮. | প্রাইভেসি সকলের অধিকার, কাজেই পুরুষ কর্মকর্তা/কর্মচারী/স্পাউজ জিমনেশিয়ামের ভিতরে কারো অনুমতি ব্যতীত ছবি তোলা/ভিডিও করা থেকে বিরত থাকুন। |
| ৯. | জিমনেশিয়ামে কোনো প্রশিক্ষক না থাকায় প্রত্যেক ব্যবহারকারী নিজ দায়িত্বে জিম ইকুইপমেন্ট ব্যবহার করবেন। জিম ইকুইপমেন্টের অপব্যবহার বা ইচ্ছাকৃতভাবে কোনো কারণে ক্ষয়ক্ষতি হলে সংশ্লিষ্ট ব্যবহারকারী দায়ী থাকবেন। |
| ১০. | যেকোনো প্রকার দূর্ঘটনা বা অযাচিত পরিস্থিতি এড়াতে জিমনেশিয়ামে একা থাকা অবস্থায় ভারী সরঞ্জমাদি ব্যবহার করা যাবে না। অন্তত:পক্ষে অপর একজন সদস্যের উপস্থিতিতে ভারী সরঞ্জামাদি ব্যবহার করা যাবে। |
| ১১. | জিমনেশিয়ামের ভিতরে কেবলমাত্র খাবার পানি ছাড়া অন্য কোনো প্রকার খাবার বা পানীয় আনা ও খাওয়া যাবে না। জিমে ধুমপান করা যাবে না। |
| ১২. | জিম ইকুইপমেন্ট সঠিকভাবে ব্যবহার করতে হবে; জিমের ইকুইপমেন্ট-এর প্রোগ্রাম বা মুড সম্বন্ধে পরিপূর্ণভাবে না জেনে ইচ্ছামতো উল্টা-পাল্টাভাবে পরিবর্তন করা যাবে না; প্রয়োজনে অভিজ্ঞ সদস্যদের পরামর্শ গ্রহণ করতে হবে। ব্যবহার শেষে ইকুইপমেন্ট যথাস্থানে সংরক্ষণ করতে হবে এবং জিম কর্ণারের পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। |
| ১৩. | মহিলা কর্মকর্তা ও ভাবীদের জিমনেশিয়ামে অবস্থানের সময় কেউ কোন প্রকার ক্যামেরা/ফোন নিয়ে প্রবেশ এবং স্থির চিত্র/ভিডিও ধারণ করতে পারবে না। |
| ১৪. | মহিলা কর্মকর্তা ও ভাবীদের জিমনেশিয়ামে অবস্থানের সময় কোন সাবালক ছেলে/পুরুষ জিম কর্ণারের আশেপাশে অবস্থান করতে পারবে না। |
| ১৫. | জিমনেশিয়ামের কোনো ইকুইপমেন্ট বাইরে নেওয়া বা অনুমতি ব্যতীত স্থান পরিবর্তন করা যাবে না। |
| ১৬. | জিমনেশিয়ামের শৃঙ্খলা ও নিরাপত্তার স্বার্থে কোনো কর্মকর্তা-কর্মচারীর সন্তান জিমনেশিয়ামে প্রবেশ করতে পারবে না। |
| ১৭. | জিমনেশিয়ামে অবস্থানকালে কোনো অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| ১৮. | জিমনেশিয়ামে শৃঙ্খলা, নিরাপত্তা বজায় রাখতে সকল ব্যবহারকারীকে কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ করতে হবে। |
| ১৯. | জিমে ব্যায়াম করার সময় কোনোরূপ শ্বাস কষ্ট হলে বা অসুস্থ বোধ করলে বা শারীরিক কোনো সমস্যা বোধ করলে সাথে সাথে ব্যায়াম বন্ধ করে পর্যাপ্ত বিশ্রাম নিতে হবে; প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করতে হবে। |
| ২০. | কোনো সদস্য জিমের নিয়ম না মানলে তার সদস্যপদ বাতিলসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। |